

## কীভাবে করবেন ই-টিআইএন

বেশ কিছু নাগরিক সেবা পাওয়ার জন্য ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার (টিআইএন) বাধ্যতামূলক করেছে সরকার। কিন্তু অনেকেই টিআইএন সার্টিফিকেট খুলতে ঝামেলা মনে করেন। ঘরে বসে আপনি নিজেই খুলতে পারেন ই-টিআইএন।

করদাতা অনলাইনে টিআইএন নিতে চাইলে জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগের ওয়েবসাইটে প্রবেশ করতে হবে। ওয়েবসাইটের ি.িরহপড়সবঃধী.মড়া.নফ এই হোমপেজের রেজিস্টার বাটনে ক্লিক করলেই নিবন্ধন ফরম পাওয়া যায়। প্রথমে নিবন্ধন ফরম পূরণ করতে হবে। এ সময়ে ইচ্ছুক টিআইএনধারীর মুঠোফোনে একটি কোড আসবে। এর পর পেজের ডায়ালগ বক্সে কোডটি বসিয়ে অ্যাক্টিভ বাটনে ক্লিক করলেই নতুন টিআইএন নেওয়ার পেজ স্ক্রিনে দৃশ্যমান হবে। পেজের ফরমটি একে একে নির্দেশনা অনুযায়ী পূরণ করতে হবে। একপর্যায়ে জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে। আর সঙ্গে সঙ্গে জাতীয় পরিচয়পত্রে দেওয়া তথ্যগুলো স্ক্রিনে প্রদর্শিত হবে। যদি জাতীয় পরিচয়পত্রে দেওয়া তথ্যের সঙ্গে গরমিল থাকে, তবে নতুন টিআইএনের জন্য আবেদন গ্রহণ করা হবে না। আর যাদের জাতীয় পরিচয়পত্র নেই, তাদের ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতিতে ছবি সন্নিবেশিত করতে হবে। আর পুরনো টিআইএনধারীদের পুনঃনিবন্ধনের ক্ষেত্রে একই উপায়ে ফরম পূরণ করতে হবে।

-

সর্বশেষ অনলাইনে আবেদনপত্রটি জমা দেওয়ার পর সঙ্গে সঙ্গে টিআইএন সনদ স্বয়ংক্রিয় উপায়ে ঘরে বসেই পাওয়া যাবে। আর কোম্পানি টিআইএনের ক্ষেত্রে যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মগুলোর নিবন্ধকের কার্যালয়ে নিবন্ধন থাকতে হবে।

৩১ ধরনের কাজের জন্য বাধ্যতামূলকভাবে ১২ ডিজিটের টিআইএন নিতে হবে। এ তালিকায় এবার নতুন করে অন্তর্ভুক্ত করা হয়েছে মোবাইল ফোন রিচার্জ ব্যবসা; মোবাইল ব্যাংকিং; পরিবেশক এজেন্সি; বিভিন্ন ধরনের পরামর্শক, কাটারিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, জনবল সরবরাহ, সিকিউরিটি সার্ভিস। এমনকি আমদানি-রপ্তানির বিল অব এন্ট্রি জমা দিতে হলেও টিআইএন লাগবে।